

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫৪৯

২৩/ মানত ও কসম (اکتاب النذور والأيمان عن رسول الله الله) পরিচ্ছেদঃ ইসলাম ছাড়া অন্য ধর্মের শপথ করা পছন্দনীয় নয়।

باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ الْحَلِفِ بِغَيْرِ مِلَّةِ الإِسْلاَمِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ يُوسُفَ الأَزْرَقُ، عَنْ هِشَامٍ الدَّسْتَوَائِيّ، عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ، عَنْ أَبِي قِلاَبَةَ، عَنْ ثَابِتِ بْنِ الضَّحَّاكِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ حَلَفَ بِمِلَّةٍ غَيْرِ الإِسْلاَمِ كَاذِبًا فَهُو كَمَا قَالَ ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَد اخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي هَذَا إِذَا حَلَفَ الرَّجُلُ بِمِلَّةٍ سِوَى الإِسْلاَمِ فَقَالَ هُو يَهُو دِيُّ أَوْ نَصْرَانِيٌّ إِنْ فَعَلَ كَذَا وَكَذَا فَفَعَلَ ذَلِكَ الشَّيْءَ فَقَالَ بَعْضَهُمْ قَدْ أَتَى عَظِيمًا وَلاَ كَفَّارَةَ عَلَيْهِ وَهُو قَوْلُ أَهْلِ الْمَدِينَةِ وَيهِ يَقُولُ مَالِكُ بْنُ أَنسٍ وَإِلَى هَذَا الْقَوْلِ ذَهَبَ أَبُو عَبَيْدٍ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَالتَّابِعِينَ وَغَيْرِهِمْ عَلَيْهِ فِي ذَلِكَ الْكَقَارَةُ وَهُو قَوْلُ سُفْيَانَ وَأَحْمَدَ وَإِسْحَاقَ .

বাংলা

১৫৪৯। আহমাদ ইবনু মানী' (রহঃ) ... ছাবিত ইবনু যাহহাক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যে ব্যক্তি ইসলাম ব্যতীত অন্য ধর্মের মিথ্যা শপথ করবে সে তা-ই বলে বিবেচ্য হবে। সহীহ, ইবনু মাজাহ ২০৯৮, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১৫৪৩ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-সহীহ। এই বিষয়ে আলিমগণের মত বিরোধ রয়েছে যে, কেউ যদি ইসলাম ছাড়া অন্য ধর্মের শপথ করে যেমন বলল অমুক কাজ যদি সে করে তবে সে ইয়াহূদী বা খ্রিস্টান আর পরে যদি ঐ কাজটি করে তবে কি হবে? কতক আলিম বলেন, এতে সে এক ভীষণ এক মারাত্মক কাজ করল বটে তবে তার উপর কোন কাফফারা ধার্য হবে না। এ হল মদীনাবাসীদের অভিমত। মালিক ইবনু আনাস (রহঃ)-এর বক্তব্যও এ-ই। আবূ উবায়দ (রহঃ)-ও এই পন্থা অবলম্বন করেছেন। কতক সাহাবী, তাবিঈ ও অপরাপর আলিম বলেন, এতে তার উপর কাফফারা ধার্য হবে। এ হল সুফইয়ান ছাওরী, আহমাদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত।



English

Narrated Thabit bin Adh-Dahhak:

That the Messenger of Allah (ﷺ) said: "Whoever swears by a religion other than Islam while lying, then he is as he said."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সাবিত ইবন যাহহাক আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন